

কিন্ডারগার্টেন প্রোগ্রামের বিকল্পসমূহ সম্পর্কে জানুন

5 ডিসেম্বর তারিখ থেকে শুরু করে, যেসব পরিবারে 2019 সালে জন্মগ্রহণকারী সন্তান রয়েছে তারা 2024-2025 শিক্ষা বছরের জন্য কিন্ডারগার্টেনে আবেদন করতে পারেন। কিন্ডারগার্টেনে আবেদন করা একটি উদ্দীপনাপূর্ণ সময় এবং সহায়তা দিতে আমরা পাঁশে আছি।

আপনি NYC পাবলিক স্কুলগুলিতে আপনার আগ্রহের প্রোগ্রামগুলো ব্যবহার করতে এবং আবেদন করতে [Myschools.nyc](https://myschools.nyc.gov) ব্যবহার করতে পারেন। আমাদের অনেক পাবলিক স্কুলে একাধিক প্রোগ্রাম থাকে। একটি স্কুল যে চার ধরনের প্রোগ্রাম অফার করতে পারে সেগুলি হলো:

কিন্ডারগার্টেন - সকল স্কুল একটি নিয়মিত মান-সম্পন্ন কিন্ডারগার্টেন অফার করে যা সব শিক্ষার্থীকে পরিষেবা দেয়। জোনভুক্ত প্রোগ্রামগুলোর জন্য কোনো একটি নির্দিষ্ট ভৌগোলিক সীমা নির্ধারিত থাকে যেখানে পরিবারেরা সর্বোচ্চ অগ্রাধিকার লাভ করে। জোনভুক্ত নয় এমন প্রোগ্রামের জন্য কোনো নির্দিষ্ট এলাকা নির্ধারণ করা হয় না, কিন্তু সেই প্রোগ্রামগুলিতে যেসব আবেদনকারীর ভাই বা বোন প্রি-K-তে পড়ছে অথবা যারা সেই ডিস্ট্রিক্টে বসবাস করে তাদের অগ্রাধিকার রয়েছে।

কিন্ডারগার্টেন (সিটিওয়াইড অথবা ডিস্ট্রিক্ট) গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রাম - গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রামগুলো নিউ ইয়র্ক সিটির যোগ্য এলিমেন্টারি স্কুল শিক্ষার্থীদের ত্বরান্বিত শিক্ষা-নির্দেশনা অফার করে। যদি আপনি আপনার আবেদনপত্রে কোনো G&T প্রোগ্রাম তালিকাভুক্ত করেন, তাহলে আপনার সন্তানের যোগ্যতা নির্ধারিত হবে তার বর্তমান প্রি-K শিক্ষকের মাধ্যমে অথবা একটি ইন্টারভিউয়ের দ্বারা। যোগ্যতা সম্পর্কিত আরও তথ্যের জন্য, আমাদের ওয়েবসাইট - schools.nyc.gov/GT দেখুন।

কিন্ডারগার্টেন ডুয়াল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষার) প্রোগ্রাম - এই প্রোগ্রামে, শিক্ষার্থীদের দুটি ভাষায় শিক্ষা-নির্দেশনা দেয়া হয়। এর লক্ষ্য ইংরেজিতে দক্ষ শিক্ষার্থী এবং ইংরেজি ভাষা শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার) শুধুমাত্র নতুন ভাষায় দক্ষতা অর্জন করানো এবং অ্যাকাডেমিক বিষয়গুলো দুটি ভাষাতে শেখানোই নয়, এর পাশাপাশি একে অন্যের সাথে ভাষা ও সংস্কৃতি শেয়ার এবং চর্চা করা সহ, দ্বি-সাক্ষরতা অর্জন, দ্বিভাষিক ও দ্বৈত-সাংস্কৃতিক হয়ে উঠা।

ডিস্ট্রিক্ট 24 কিন্ডারগার্টেন STEM (সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাথাম্যাটিকস) প্রোগ্রাম - এই প্রোগ্রামগুলিতে, যা কুইন্সের ডিস্ট্রিক্ট 24-এ অবস্থিত, শিক্ষার্থীরা বাস্তব-বিশ্বের চ্যালেঞ্জসমূহ শনাক্ত ও অন্বেষণ করতে, বিজ্ঞানী ও প্রকৌশলীর মত ভাবে ও কার্য সম্পাদন করতে শিখবে। শিক্ষার্থীরা সমস্যা-সমাধান এবং বিশ্লেষণী-চিন্তার দক্ষতা গড়ে তুলতে প্রকৌশলী ডিজাইন প্রক্রিয়া এবং/অথবা গণনামূলক (কম্পিউটেশনাল) চিন্তা-ভাবনা ব্যবহার করতে শিখবে।

আপনি আবেদনপত্রে সর্বোচ্চ 12-টি পছন্দ তালিকাভুক্ত করতে পারবেন। প্রকৃত অগ্রাধিকারের ক্রমানুসারে প্রোগ্রামগুলো তালিকাভুক্ত করার বিষয়টি নিশ্চিত করুন, এমন কী প্রোগ্রামগুলো যদি একই স্কুলেও হয়ে থাকে। উদাহরণস্বরূপ, যদি আপনি অন্য কিন্ডারগার্টেন প্রোগ্রামের(গুলোর) চেয়ে কোনো স্কুলের G&T প্রোগ্রামে যেতে বেশি আগ্রহী হন, তাহলে সেই প্রোগ্রামটিকে আবেদনপত্রের আরো উপরে তালিকাভুক্ত করুন। আবেদনপত্রে আপনি পছন্দগুলো যে ধারাক্রমেই তালিকাভুক্ত করুন না কেন, এতে শিক্ষার্থীর ভর্তিতে অগ্রাধিকার পরিবর্তিত হয় না।

প্রশ্ন আছে কি? আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

শুভেচ্ছান্তে,

এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের কিন্ডারগার্টেনে ভর্তি সংক্রান্ত ইমেইল তালিকায় নাম লেখাতে (সাইন আপ করতে) ভুলবেন না।

আপনি যদি আমাদের যেকোনো অথবা সকল মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।